

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা  
জনসংযোগ অধিশাখা  
[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-১৯৯

তারিখ: ০২ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

আজ নির্বাচন কমিশনের ৮৫তম সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় সংসদের ২৫৫ কুমিল্লা-৭ শূন্য আসনের নির্বাচন এবং সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য পদের নির্বাচনের তফসিল নির্ধারণ করা হয়। এছাড়া স্থগিতকৃত ইউনিয়ন পরিষদ ও পৌরসভা নির্বাচনের ভোটগ্রহণের তারিখ নির্ধারণ করা হয়।

একাদশ জাতীয় সংসদের ২৫৫ কুমিল্লা-৭ শূন্য আসনের নির্বাচন বিস্তারিত সময়সূচি:

১।	মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৩ সেপ্টেম্বর, ২০২১ সোমবার
২।	দাখিলকৃত মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৪ সেপ্টেম্বর, ২০২১ মঙ্গলবার
৩।	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৯ সেপ্টেম্বর, ২০২১ রবিবার
৪।	ভোট গ্রহণের তারিখ	:	০৭ অক্টোবর, ২০২১ বৃহস্পতিবার

উল্লিখিত সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত নির্বাচন সমূহও অনুষ্ঠিত হবে।

সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডের শূন্য আসনের নির্বাচন

- ১। বরিশাল সিটি কর্পোরেশনের ২৮ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর,
- ২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১৬ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর,
- ৩। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৭৩ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর,
- ৪। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ২২ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর এবং
- ৫। রাজশাহী সিটি কর্পোরেশনের ৯ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদের নির্বাচন।

পৌরসভার শূন্য পদে উপ-নির্বাচন

- ১। রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার গোদাগাড়ী পৌরসভার মেয়র পদে নির্বাচন,
- ২। ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলার ঈশ্বরগঞ্জ পৌরসভার ৫নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচন,
- ৩। মাগুরা জেলার মাগুরা উপজেলার মাগুরা পৌরসভার ১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচন,
- ৪। পাবনা জেলার ভাঙ্গুরা উপজেলার ভাঙ্গুরা পৌরসভার ৪নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচন এবং
- ৫। সিলেট জেলার বিয়ানিবাজার উপজেলার বিয়ানিবাজার পৌরসভার ৩নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদের নির্বাচন।


### উপজেলা পরিষদের শূন্য পদে উপ-নির্বাচন

নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ, নরসিংদী জেলার সদর, নেত্রকোনা জেলার খালিয়াজুরি, চাঁদপুর জেলার শাহরাস্তি, যশোর জেলার সদর, মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল, বাগেরহাট জেলার কচুয়া, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর, ফেনী জেলার সদর উপজেলা পরিষদসমূহের চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

এছাড়া নোয়াখালী জেলার হাতিয়া, চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলার ভাইসচেয়ারম্যান পদে এবং ভোলা জেলার তজুমদ্দিন উপজেলার মহিলা ভাইসচেয়ারম্যান পদের নির্বাচন।

### স্থগিতকৃত ইউনিয়ন পরিষদ ও পৌরসভাসমূহের নির্বাচন

করোনা সংক্রমণ বৃদ্ধির কারণে স্থগিতকৃত ১৬১টি ইউনিয়ন পরিষদ এবং ৯টি পৌরসভার নির্বাচনের ভোটগ্রহণ হবে ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখ।

  
(এস এম আসাদুজ্জামান)  
পরিচালক (জনসংযোগ)  
ও যুগ্মসচিব (সিসি)  
ফোন: ৫৫০০৭৫২০